

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৪৬
অমরপুর, ৯ জুলাই, ২০২৪

বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প
অমরপুর নগর পঞ্চায়েতে কমিউনিটি হল নির্মাণ

বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পে অমরপুর নগর পঞ্চায়েতের ১০ নং ওয়ার্ডে একটি কমিউনিটি হল নির্মাণ করা হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ৭ লক্ষ ২৭ হাজার ১৬৩ টাকা। তাছাড়াও এই প্রকল্পে নগর পঞ্চায়েত এলাকার ৮ নং ওয়ার্ডে আরসিসি ড্রেইন, অমরসাগর দীঘিতে পাকা স্নানের ঘাট ও ১৩ নং ওয়ার্ডে একটি আরসিসি ড্রেইন নির্মাণ করা হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ১০ লক্ষ ৯৮ হাজার ৩৬৭ টাকা। অমরপুর নগর পঞ্চায়েত কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
